পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৬৪৮-৬৫৪/শা-২/প.

তারিখঃ ২৫ চৈত্র ১৪২৪
০৮ এপ্রিল ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

২০১৭ সনের অনার্স ২য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৪-২০১৫, ২০১৩-২০১৪, শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১২-১৩, ২০১১-২০১২, ২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের (বিশেষ) অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্র. নং	পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু, জমাদান ও কলেজ কর্তৃক এন্ট্রির শেষ তারিখ	ব্যাংক ড্রাফটের তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
০১	তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-	০৯/০৪/২০১৮ সোমবার থেকে ২৪/০৪/২০১৮ মঙ্গলবার	২৫/০৪/২০১৮ বুধবার	২৬/০৪/২০১৮ বৃহস্পতিবার
০২	তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৪০/-			
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স)-এর জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-			
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা	৩০০/-			
০৫	মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	২০০/-			
০৬	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে ক. কলেজের অংশ ১৫০/- টাকা খ. কেন্দ্রের অংশ ৩০০/- টাকা	৪৫০/-			
০৭	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	১২০/-			
০৮	বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৩০০/-			
০৯	শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার্থীদের ক্ষেত্রে-বিশেষ অন্তর্ভূক্তি ফিসহ বিশ্ববিদ্যালয়ে জমা হবে (৫০০+৩০০)=৮০০/-	৮০০/-			

২য় বর্ষের পুন:নিরীক্ষণের ফলাফল প্রকাশের ৭দিনের মধ্যে মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে।

০১. আবেদন ফরম সংগ্রহঃ

অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://7college.du.ac.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে শুধুমাত্র সেসব শিক্ষার্থী ২০১৭ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ২০১৫ সনের ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ২০১৬ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৭ সনের ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৬ সনের ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ফরমপূরণের সুযোগ পাবে, তবে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে পাস করা “C” এবং “D” গ্রেড প্রাপ্ত কোর্সে ইচ্ছা করলে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৬ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted শিক্ষার্থীরা “C” এবং “D” এবং “F” গ্রেড পাওয়া কোর্সগুলোতে পরীক্ষা দেয়ার সুযোগ পাবে। উল্লেখ্য ২০১৭ সনে “C” এবং “D” প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ না করলে ২০১৬ সনের পরীক্ষায় প্রাপ্ত পূর্বের গ্রেড বহাল থাকবে এবং পরবর্তীতে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

* ২০১৩-২০১৪ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় যেসব পরীক্ষার্থী যে/যেসব কোর্সে F গ্রেড পেয়েছে কিন্তু ৩য় বর্ষে Promoted হয়েছে তারা ২০১৭ সনের পরীক্ষায় ঐ F গ্রেড পাওয়া কোর্সে অংশগ্রহণ করতে পারবে। F গ্রেড কোর্স D বা তার বেশী গ্রেড পেয়ে উন্নীত হলে ঐ কোর্সে মান উন্নয়ন পরীক্ষার সুযোগ নেই।

* ২০১৬ সনের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* যে সকল শিক্ষার্থী ২০১৬ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৭ সনের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে হবে।

* সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশন মেয়াদে) অবশ্যই নূন্যতম “D” গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। ১ম বর্ষের কোন কোর্সে F গ্রেড থাকলে পরীক্ষার্থীর ৩য় বর্ষের ফলাফল স্থগিত থাকবে এবং ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত ৪র্থ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

* ২০১৬ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ১টি কোর্স অনুপস্থিত থাকায় যেসব শিক্ষার্থী C Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থীকে অনুপস্থিত ১টি কোর্সে ২০১৭ সনের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।

* ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে এবং এসব কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নেই।

বিশেষ অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

(২০১২-১৩, ২০১১-২০১২, ২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

* ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ সনের যে সব শিক্ষার্থী ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F ও Absent আছে সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় শুধুমাত্র F ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের Registration এর মেয়াদ শেষ হওয়ার পর তারা যে বর্ষেই

থাকুক পরীক্ষায় অংশগ্রহণের (২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণে) কোন সুযোগ আর পাবে না। ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তাঁরা যে সকল কোর্সে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৭ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় সর্বোচ্চ ২টি কোর্স মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণের আর কোন সুযোগ পাবে না। যে সকল পরীক্ষার্থী ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৭ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করবে। উল্লেখ্য, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সঙ্গে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ না হলে (D বা এর বেশি না পেলে) ঐ শিক্ষার্থী ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ডিগ্রি প্রাপ্য হবে না। (পরবর্তীতে আর কোন বিশেষ পরীক্ষা নেওয়া হবে না)।

* ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী পরপর দুই বার পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ পরীক্ষা ২০১২ সনে না দিয়ে ২০১৩ সনে উত্তীর্ণ হয় বা ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে তারা ২০১৭ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় (C) Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত একটি পত্রে ২০১৭ সনের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

* কেবল মাত্র ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স (বিশেষ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৭ সনের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৫ সনের ২য় বর্ষ অনার্স (বিশেষ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সে পরীক্ষা বা মানউন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।

* ইংরেজী আবশ্যিক (কোড-৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৭ সনের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

০৩. পাঠ্যসূচি ঃ

নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদি অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে এবং সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের জন্য করণীয় ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কলেজের নিজস্ব ইমেইলে প্রেরণ করা হবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd -এ ইমেইলে প্রেরণ করবে এবং ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ

২০১৭ সানের অনার্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:-৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০৭. বিবরণী ফরম জমা ঃ

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রুম নং-৩১০-এ নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

০৮. পরীক্ষা পরিচালনা ঃ

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হতে প্রতি পরীক্ষার্থী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিন শত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে। ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার জন্য অন্যান্য রাসায়নিক দ্রব্যাদি ক্রয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় হতে কোন প্রকার অর্থ প্রদান করা হবে না। পরীক্ষার সময়সূচি ও অন্যান্য কার্যক্রম কলেজ ইমেইল ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.7collegedu.ac.bd থেকে পাওয়া যাবে।

০৯. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

শিক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরন করতে হবে। এছাড়া ২০১২-১৩, ২০১১-২০১২, ২০১০-২০১১, ২০০৯-২০১০ সেশনে যারা যেই কোডে ফরমপূরণ করবে সেই কোডের ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে এবং এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ মনিরুল ইসলাম নিকট ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১০. ব্যবহারিক/মৌখিক পরীক্ষা ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে জানানো হবে।

১১. ফলাফল ঃ

অনার্স ২য় বর্ষের পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১২. প্রমোশন ঃ

* গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ৩টি তত্ত্বীয় কোর্সে নূন্যতম D গ্রেড পেতে হবে।

* ১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে নূন্যপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষরিত)

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
৮/৪/২০১৮
Email: examcontrollera7c@du.ac.bd